

সার্থক কর' সাধন,
সান্ত্বন কর' ধরিত্রীর বিরহাতুর কাঁদন
প্রাণভরণ দৈন্যহরণ অক্ষয়করুণাধন ॥
বিকশিত কর' কলিকা,
চম্পকবন করুক রচন নব কুসুমাঞ্জলিকা ।
কর' সুন্দর গীতমুখর নীরব আরাধন
অক্ষয়করুণাধন ॥
চরণপরশহরষে
লজ্জিত বনবীথিধূলি সজ্জিত তুমি কর' সে ।
মোচন কর' অন্তরতর
হিমজড়িমা-বাঁধন
অক্ষয়করুণাধন ॥

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Pilu-Barwan
Visit www.geetabitan.com for notation and other detail